

‘গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.১৮.০৫৮.২৪- ১৬০৬

তারিখ: ১৫/০৮/২০২৪

বিষয়ঃ “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের ক্লাবসমূহে উপস্থিতির হার বাড়ানো এবং জুন/২৪ মাসের ১৯-২০ তারিখে যে সকল ক্লাবের কার্যক্রম বন্ধ ছিলো তার অব্যয়িত অর্থ পরের মাসের বরাদ্দের সাথে সমন্বয়করণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের আওতায় সারাদেশে ৪৮৮৩ টি ক্লাব চলমান আছে। প্রতিটি ক্লাবের সদস্য হিসেবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর রয়েছে এবং প্রতি ক্লাব দিবসে সদস্যদের জন্য নাস্তা সরবরাহ করা হয়। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সরেজমিন ক্লাব পরিদর্শন ও মাঠ পর্যায় হতে ফিল্ড সুপারভাইজরগণ কর্তৃক প্রেরিত পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় যে অনেক ক্লাবে উপস্থিতির হার শতভাগ নয়।

এমতাবস্থায়, প্রতিটি ক্লাবে যেন উপস্থিতির হার বৃদ্ধি পায় এবং মানসম্মত ও পুষ্টিকর নাস্তা নিয়মিতভাবে ও সুষ্ঠুভাবে প্রকৃত উপস্থিতির ভিত্তিতে সরবরাহ করা হয় সেই ব্যাপারে সকল উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ফিল্ডসুপারভাইজরগণ-কে আরও সচেষ্টিত হবার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও গত জুলাই/২৪ মাসের ১৯-২০ তারিখে যে সকল ক্লাবের কার্যক্রম বন্ধ ছিলো মর্মে প্রকল্প কার্যালয়কে অবহিত করা হয়েছে সেই সকল ক্লাবের অব্যয়িত অর্থ পরবর্তী মাসের বরাদ্দের সাথে সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণঃ

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)
- ৩। ফিল্ড সুপারভাইজর (সকল)

মোঃ আলমগীর ২০২৪

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল জেলা)।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা)।
৪. সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. অফিস কপি।